# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date: 08-04-2025
## Time: 07:55-08:05 PM Hrs
## BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার দশ বছর পূর্তি উপলক্ষে সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন।**

**(২) রাজ্যে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় গত ৩১শে ডিসেম্বর পর্যন্ত সুবিধাভোগীর সংখ্যা ৫ লক্ষ ৪৬ হাজার ৪৯৯ |**

**(৩) সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, সংশোধিত ওয়াকফ আইনে ওয়াকফের মূল কমিটিতে কোন অমুসলিমকে রাখা হয়নি।**

**(৪) রাজ্যের বিশিষ্ট দাবা সংগঠক প্রবোধ রঞ্জন দত্ত আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।**

*******************************************

**PM Mudra Yojana–National :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তাঁর বাসভবনে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার দশ বছর পূর্তি উপলক্ষে সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন।

প্রধানমন্ত্রী তাদের অভিনন্দন জানিয়ে বলেন, এই প্রকল্প স্বপ্নকে বাস্তবে রূপান্তরিত করে জীবনকে রূপান্তরিত করেছে। তিনি বলেন, এই উদ্যোগটি পূর্বে উপেক্ষিত ব্যক্তিদের ক্ষমতায়িত করেছে এবং ভারতের জনগণের জন্য কোনও কিছুই অসম্ভব নয় বলে তিনি উল্লেখ করেছেন। তিনি উল্লেখ করেন যে এই প্রকল্পের লক্ষ্য দেশের যুবসমাজের ক্ষমতায়ন করা, তাদের আত্মনির্ভরশীল এবং আত্মবিশ্বাসী করে তোলা, কেবল চাকরিপ্রার্থী নয় বরং চাকরি সৃষ্টিকারী হয়ে ওঠার ক্ষমতা প্রদান করা।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে মুদ্রা ঋণের সুবিধাভোগীদের ৭০ শতাংশেরও বেশি মহিলা এবং প্রায় অর্ধেক তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর অন্তর্ভুক্ত।

#######Byte-PM######

প্রধানমন্ত্রী বলেন, সরকার ঋণ ব্যবস্থাকে শক্তিশালী করে চলবে যাতে প্রতিটি উচ্চাকাঙ্ক্ষী উদ্যোক্তা প্রবৃদ্ধির সুযোগ পান। তিনি বলেন যে এই প্রকল্পটি কেবল আর্থিক অন্তর্ভুক্তিই বৃদ্ধি করেনি, বরং তৃণমূল পর্যায়ে সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নও করেছে। সুবিধাভোগীরা আজ প্রধানমন্ত্রীর সামনে তাদের অভিজ্ঞতা তুলে ধরেন।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা অতিক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোগগুলিকে ২০ লক্ষ টাকা পর্যন্ত জামানত-মুক্ত ঋণ প্রদান করে। গত দশ বছরে, এই প্রকল্পের অধীনে ৩২ কোটি ৬০ লক্ষ টাকারও বেশি মূল্যের ৫২ কোটিরও বেশি ঋণ মঞ্জুর করা হয়েছে। মুদ্রা যোজনা আন্তর্জাতিকভাবেও স্বীকৃতি পেয়েছে।

*************************

**PMMY :**

রাজ্যে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় গত ৩১শে ডিসেম্বর পর্যন্ত সুবিধাভোগীর সংখ্যা ৫ লক্ষ ৪৬ হাজার ৪৯৯। তাদের গ্যারান্টি মুক্ত ঋণ দেওয়া হয়েছে ৩ হাজার ৩০৪ কোটি টাকা। এর মধ্যে রাজ্যে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের সুবিধাভোগীর সংখ্যা ২৪ হাজার ৪৪২। এক্ষেত্রে ঋণ দেওয়া হয়েছে ২৭০ কোটি টাকা। আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের সার্কেল প্রধান তথা এস.এল.ভি.সি-র রাজ্য কনভেনার ঋতুরাজ কৃষ্ণ। তিনি জানান, এই যোজনায় তিনটি পর্যায়ে ছোট ছোট শিল্প গড়ার জন্য ব্যাংক থেকে বিনা গ্যারান্টিতে ঋণ প্রদান করা হয়। এবারের বাজেটে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় ঋণের পরিমান ১০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে।

########Byte- Rituraj Krishna########

**********************************

**MP Biplab Kumar Deb–Sonamura :**

সাংসদ বিপ্লব কুমার দেব ওয়াকফ সংশোধনী বিল ২০২৫-কে সমর্থন করে বলেছেন, সংশোধিত আইনে ওয়াকফের মূল কমিটিতে কোন অমুসলিমকে রাখা হয়নি। ধার্মিক কোন বিষয়ে নির্ণয় নেবেন মুসলিমরাই। কিন্তু বিষয়টিকে নিয়ে কেউ কেউ বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে। আজ সিপাহীজলা জেলার সোনামুড়া টাউন হলে, বিজেপি সোনামুড়া মন্ডল কমিটি আয়োজিত সক্রিয় কার্যকর্তা সম্মেলনে শ্রী দেব একথা বলেন। তিনি বিজেপি দলের সাংগঠনিক শক্তি আরো সুসংহত করার জন্য কার্যকর্তাদের পরামর্শ দেন। উপস্থিত ছিলেন বিজেপির সোনামুড়া মন্ডলের সভাপতি শুভ্রজিৎ দাস, জেলা সভাপতি উত্তম দাস, প্রদেশ বিজেপি সংখ্যালঘু মোর্চার সভাপতি প্রাক্তনমন্ত্রী বিল্লাল মিয়া প্রমুখ।

**************************

**Mukhyamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে দীর্ঘক্ষণ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের নানাবিধ সমস্যা, অভাব ও অভিযোগ শোনেন। এই কর্মসূচিতে রাজ্যে উপলব্ধ চিকিৎসা পরিষেবার সুযোগগুলি গ্রহণের জন্য আবেদন জানিয়েছেন তিনি। পাশাপাশি চিকিৎসার জন্য আসা সাহায্য প্রত্যাশীদের প্রয়োজনীয় সহায়তা প্রদানে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

******************************

**One Nation One Election :**

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন একসাথে নির্বাচন হলে, একদিকে যেমন সময় বাঁচবে, তেমনি রাষ্ট্রও আর্থিক দিক দিয়ে লাভবান হবে। ঘন ঘন নির্বাচন হলে, নির্বাচনী আচরণবিধি সহ নানা কারনে ৫ বছর মেয়াদের সরকার, অন্তত ২ বছর মানুষের কল্যানে কাজ করার জন্য কম সময়

পায়। এতে রাষ্ট্রের উন্নয়নের কাজ ব্যাহত হয়। আজ বিজেপি সদর গ্রামীণ জেলার উদ্যোগে রানীরবাজার গীতাঞ্জলী টাউন হলে এক দেশ এক ভোট শীর্ষক এক কনভেনশনে তিনি একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, সদর গ্রামীন জেলা সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, প্রাক্তন মন্ত্রী প্রকাশ দাস মজলিশপুর মন্ডল সভাপতি রনজিৎ রায় চৌধুরী প্রমুখ।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Late–Prabodh Ranjan Dutta :**

রাজ্যের বিশিষ্ট দাবা সংগঠক প্রবোধ রঞ্জন দত্ত আজ ভোররাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যু কালে তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর। দীর্ঘ দিন ধরে তিনি বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। প্রয়াত দত্ত ত্রিপুরা মেট্রিক্স চেস একাডেমির সভাপতি ছিলেন। মৃত্যুকালে দুই পুত্র ও এক কন্যা সহ আত্মীয় পরিজন, অসংখ্য গুণমুগ্ধ রেখে গেছেন। তাঁর বড় ছেলে কিরীটি দত্ত বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক ও ছোট ছেলে প্রসেনজিৎ দত্ত ফিডে মাস্টার

আন্তর্জাতিক দাবাড়ু এবং ভারতীয় দাবা দলের কোচ। প্রয়াত প্রবোধ রঞ্জন দত্তের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাব। শেষ শ্রদ্ধা জানান আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার, রাজ্য দাবা সংস্থার সভাপতি অভিজিৎ মল্লিক প্রমুখ।

******************************

**TRLM-Bamboo Ornaments :**

বর্তমান সময়ে রূপসজ্জার ক্ষেত্রে নারীদের মনোযোগ আকর্ষণ করছে বাঁশের তৈরী অলঙ্কার। বিষয়টিকে অনুধাবন করে নারীর রূপসজ্জার বাঁশের তৈরী নানান অলঙ্কার বিক্রি করে লাখপতি দিদি হওয়ার দোরগোড়ায় সিপাহীজলা জেলার চড়িলামের বিবেকানন্দ স্ব-সহায়ক দলের মহিলারা। এ নিয়ে একটি প্রতিবেদন।

#######Pakage Story#######

*******************************

**Rajib Bhattacharjee :**

বিজেপির ৪৬তম প্রতিষ্ঠা বর্ষ উৎযাপন উপলক্ষে সপ্তাহব্যাপী ‘গ্রাম চলো অভিযান’-এর অঙ্গ হিসেবে বড়জলা মন্ডলের উদ্যোগে আজ লঙ্কামুড়া সুরেন্দ্র দেবনাথ স্মৃতি কমিউনিটি হলে এক সাংগঠনিক বৈঠকের আয়োজন করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রদেশ সহ-সভাপতি তাপস ভট্টাচার্য, এলাকার প্রাক্তন বিধায়ক দিলীপ দাস প্রমুখ।

***************************

**Natural Farming :**

প্রাকৃতিক চাষাবাদ বিষয়ে এক প্রশিক্ষণ কর্মসূচি আজ ঊনকোটি জেলার কুমারঘাট কৃষি তত্বাবধায়ক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। আজকের প্রশিক্ষণ কর্মসূচিতে কৃষি দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মী ছাড়াও ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশন, কৃষি বিজ্ঞান কেন্দ্র, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের

কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কর্মসূচিতে অংশ নেন, কৃষি উপ-অধিকর্তাদ্বয় অমিতাভ চক্রবর্তী ও সৌমেন নন্দী, সহ-অধিকর্তা অম্লিতা শর্মা প্রমুখ।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, ধলাই এবং গোমতী জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি রয়েছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

*************************